# পাকুন্দিয়া পৌরসভা কার্যালয়

পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

ই-মেইল ঃ pakundiapourashava@gmail.com


## "শহর সমন্বয় (TLCC) ত্রৈমাসিক সভার কার্যাবিবরণী"

| | | | |
|---|---|---|---|
| সভার স্থান ঃ পাকুন্দিয়া পৌরসভা কার্যালয়ের সভাকক্ষ। | সভার তারিখ-২৯/০৯/২০২৫ ইং রোজ ঃ সোমবার | সভার সময় ঃ বেলা ২.৩০ ঘটিকা। | সভাপতি ঃ জনাব রিফাত জাহান, প্রসাশক, পাকুন্দিয়া পৌরসভা। |
| সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য | | | |

সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত পাকুন্দিয়া পৌরসভার শহর সমন্বয় কমিটির সম্মানিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কর্মসূচী শুরু করেন।

### আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত /অনুমোদন |
|---|---|---|---|
| সহকারী প্রকৌশলী পৌরনির্বাহী কর্মকর্তা ভারপ্রাপ্ত ও সদস্য সচিব টিএলসিসি,পাকুন্দিয়া পৌরসভা জনাব আব্দুল মান্নান খান কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। | কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে উপস্থিত সকলেই একমত প্রকাশ করেন। | নাই | কার্যবিবরণী সর্বসম্মতিএক্রমে অনুমোদিত হয় |

### আলোচ্য সুচি : ২ পুর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহন।

| পুর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা * | পরবর্তী গৃহীত সিদ্ধান্ত/সুপারিশসমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর/কর্মকর্তাগন | কাজ বাস্তবায়নে নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১. সাপ্তাহিক ভিত্তিতে স্বাস্থ্য বিভাগ ও পরবির পরিকল্পনা বিভাগের তথ্য সংগ্রহ করা জন্ম /মৃত্যর ৪৫দিনের মধ্যে নিবন্ধন সসম্পন্ন করার জন্য দায়িত্বপ্রাপ্ত কাউন্সিররদের নিজ নিজ ওয়ার্ডে জনসচেতনামুলক বার্তা প্রচার অব্যহত রাখা। | ১.তথ্য সংগ্রহ করা জন্ম /মৃত্যর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য স্বাস্থ্য বিভাগ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মোবাইল ফোনের মাধ্যমে অভিবাবকের সাথে জন্ম মৃত্যু নিবন্ধন করা হচ্ছে। | ১.জন্ম মৃত্যর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখা। | ১. কাউন্সিলর ও স্বাস্থ্য শাখা। | চলমান। |
| ২. প্রতিটি ওয়ার্ডে কমপক্ষে ১টি নাগরিক সনদ স্থাপন করা। | ২.প্রতিটি ওয়ার্ডে একটি করে নাগরিক সনদ স্থাপন করার সিদ্ধান্ত হয়েছে। | ২.নাগরিক সনদ দ্রুত স্থাপন করার সিদ্ধান্ত হয়। | ২.কাউন্সিলর ও প্রকৌশলী বিভাগ। | চলমান। |
| ৩.তালিকা অনুযায়ী বকেয়া পৌরকর খেলাপীদের তাগীদ প্রদানের মাধ্যমে পৌরকর আদায়ের ব্যবস্থা করা। | ৩.তালিকা অনুযায়ী বকেয়া পৌরকর খেলাপীদের বাড়ি বাড়ি গিয়ে তাগিদ প্রদান করা হচ্ছে। | ৩. তাগিদ প্রদান করে পৌরকর আদায়ের কার্যক্রম জোরদার করা। | ৩.কর আদায় শাখা। | চলমান। |
| ৪. সকল উন্নয়ন কাজ সুষ্ঠ ও নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা। | ৪.২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহ | ৪.২০২৪-২০২৫ অর্থ বছরের | ৪. কাউন্সিলর ও প্রকৌশলী | চলমান। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত পাঁচটি(৫) নিম্ন আয়ের কমিউনিটিতে নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প আইইউজিআইপি এর মাধ্যমে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা | শতভাগ সম্পন্ন হয়েছে। ৫.অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত পাঁচটি(৫) নিম্ন আয়ের কমিউনিটি চূড়ান্ত করা হয়েছে | বাস্তবায়নের জন্য অতি প্রয়োজনীয় কাজের তলিকা প্রস্তুত করা | বিভাগ। ৫.দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। | চলমান। |
| ৬. IUGIP প্রকপকর্তৃক GESIAP এবং PRAP কার্যক্রম বাস্তবায়ন করা। এবং রক্ষণাবেক্ষণ (O&M) এবং ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন। | আলোচনায় অংশগ্রহণ করে IUGIP প্রকল্পের CDA জানান যে, GESIAP এবং PRAP এর জন্য রাজস্ব বাজেটে যে বরাদ্ধ রাখা হয়েছে তার থেকে ১% GESIAP বাবদ ১% PRAP বাবদ এক বছরের কর্ম পরিকল্পনা তৈরি করে বাস্তবায়ন করার পরিকল্পনা রয়েছে । তাছাড়া আমরা ইতিমধ্যে অক্টোবর-ডিসেম্বর কোয়ার্টার এর মাসের মধ্যে দুটি ট্রেনিং বাস্তবায়ন করার পরিকল্পনা করেছি। তাছাড়া তিনি আরও জানান যে, রক্ষণাবেক্ষণ (O&M) এবং ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন এর জন্য রাজস্ব বাজেটের ২৫% ধরে এক বছরের পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর কর্ম পরিকল্পনা তৈরি করে বাস্তবায়ন করার পরিকল্পনা রয়েছে । | ২০২৫-২০২৬ GESIAP এবং PRAP ১ বছরের কর্মপরিকল্পনা করা হয় এবং আগামী অক্টোবর-ডিসেম্বর এর কোয়ার্টার মধ্যে এক বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ি কম্পিউটার (১০) জন এবং বিউটি পার্লার এর জন্য (১০) জন প্রশিক্ষন দেওয়ার প্রস্তাব এ বাস্তবায়ন করা। এছাড়াও ২০২৫-২০২৬ অর্থবছরের পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর কর্ম পরিকল্পনা তৈরি করা হয় এবং বাস্তবায়ন করার প্রস্তাব করা হয়। | প্রশাসন বিভাগ | চলমান |
| ৭. ডেঙ্গু ও মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন। | আলোচনায় অংশগ্রহন করে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক মহোদয় বলেন প্রথমে শহরে এবং প্রত্যেক ওয়ার্ড পর্যায়ে ডেঙ্গু ও মশক নিধন ঔষধ স্প্রে এর মাধ্যমে তার প্রতিকার করার প্রস্তাব রাখেন। | TLCC মিটিং এ তা দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | প্রশাসক,পাকুন্দিয়া পৌরসভা,প্রকৌশল বিভাগ,পাকুন্দিয়া পৌরসভা,পাকুন্দিয়া থানা। | চলমান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. যানযট নিরসন কার্যক্রম বাস্তবায়ন। | আলোচনায় অংশগ্রহন করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন,শহরের যানজট নিরসনে অবকাশ মোড় হতে নামা বাজার হোসেনপুর মোড়,চরফরাদী মোড় ও হ্যালো বাইক নিয়ন্ত্রন করার জন্য লোকবল নিয়োগ করে হলেও যানজট নিরসনের উদ্যোগ গ্রহন করা প্রয়োজন। এ লক্ষে হ্যালো বাইক/ অটো রিক্সার লাইসেন্স প্রদানের সময় সীমা আগামী ৩০ সেপ্টেম্বর করার প্রস্তাব করেন। তিনি যানজট নিরসনের জন্য ৫ (পাঁচ) সদস্যর একটি কমিটি গঠনের জন্য প্রস্তাব করেন। | শহরের যানজট নিরসনের জন্য নিম্ন লিখিত তিনটি স্থানে পৌরসভা হতে লোকবল নিয়োগ করা।<br>১। অবকাশ মোড় হতে নামা বাজার যাওয়ার রাস্তা।<br>২। হোসেনপুর এবং<br>৩। চরফরাদী মোড়<br>৪। হ্যালো বাইক যাতে যত্রতত্র পাকিং না করে সেজন্য নির্ধারিত স্থানে পার্কিং করা।<br>৫। অটো রিকসা এবং হ্যালো বাইক এর লাইসেন্স প্রদানের মেয়াদ আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত করে মাইকিং এর ব্যবস্থা করা।<br>৬। যানজট নিরসনের জন পৌর সভার সহকারী প্রকৌশলী (সিভিল) কে সদস্য সচিব করে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা এবং কমিটি যানজট নিরসনের জন্য প্রয়োজনীয় সুপারিশ করবে। | প্রশাসক,পাকুন্দিয়া পৌরসভা,প্রকৌশল বিভাগ,পাকুন্দিয়া পৌরসভা,পাকুন্দিয়া থানা। | চলমান |

CamScanner

আলোচ্যসূচী - ৩ ঃ ওয়ার্ড ভিশনিং ও পৌর ভিশনিং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | ওয়ার্ড ভিশনিং ও পৌর ভিশনিং বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব আব্দুল মান্নান খান সহকারী প্রকৌশলী পৌরনির্বাহী কর্মকর্তা ভারপ্রাপ্ত পাকুন্দিয়া পৌরসভা, অদ্যকার পাকুন্দিয়া পৌরসভার উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের লক্ষ্যে সম্প্রতি অনুষ্ঠিত FGD ওয়ার্ড ভিশনিং ও পৌর ভিশনিং এর বিষয়টি উপস্থাপন করেন। উক্ত ভিশনিং সভাগুলোতে- | FGD ওয়ার্ড ভিশনিং ও পৌর ভিশনিং থেকে প্রাপ্ত প্রস্তাবগুলোর সমন্বয়ে যোগোপযোগী ও আধুনিক পৌরসভা উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের সুপারিশ সর্বসম্মতক্রমে গৃহিত হয়। | পৌর নিবাহী কর্মকর্তা ও প্রকৌশলী শাখা পাকুন্দিয়া পৌরসভা কিশোরগঞ্জ। প্রকৌশলী শাখা। |
| | | ➢ পৌর এলাকায় স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পিত বর্জ ব্যবস্থাপনার জন্য বর্জ ডাম্পিং ষ্টেশন নির্মাণের প্রস্তাব রাখা হয়।<br>➢ পৌর এলাকায় প্রধান প্রধান রাস্তা ও প্রয়োজনীয় সংখ্যক সংযোগ রাস্তাসহ একটি সমন্বীত যোগাযোগ ব্যবস্থা পাকা করনের প্রস্তাব রাখা হয়।<br>➢ শহরের অভ্যান্তরীন জলাবদ্ধতা নিরসন ও সুষ্ঠভাবে পানি নিষ্কাশনের জন্য প্রাইমারী, সেকেন্ডারী ও টার্শিয়ারী ড্রেনসহ একটি সমন্বীত পানি নিষ্কাশন ব্যবস্থাপনার নেট ওয়ার্ক বাস্তবায়নের প্রস্তাব রাখা হয়।<br>➢ পৌর এলাকায় কোমলমতি শিশু কিশোরদের চিত্ত বিনোদনের জন্য উন্মুক্ত জায়গা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন মহল্লা মহল্লায় উন্মুক্ত উদ্যান এবং কেন্দ্রীয় শিশু পার্ক নির্মাণের প্রকল্প গ্রহণ করার প্রস্তাব রাখা হয়।<br>➢ পৌর এলাকায় সাধারণ জনগনের চলাচলে নিরাপত্তা নিশ্চিত করার জন্য পৌর এলাকার সকল সড়কে এলইডি সড়ক বাতি অথবা সোলার সড়কবাতি স্থাপনের প্রস্তাব রাখা হয়।<br>➢ পৌর এলাকায় শিক্ষার মান উন্নয়নে, দারিদ্রতা হ্রাস করনে, দুঃস্থ নারীদের উন্নয়নে এবং মা ও শিশু স্বাস্থ্য নিশ্চিত করনে এবং বেকারত্ব দূরীকরনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য পৌর কর্তৃপক্ষের কার্যকরি ভূমিকা রাখার প্রস্তাব দেওয়া হয়।<br>➢ পরিবেশ বান্ধব পাকুন্দিয়া পৌর নগরী সৃষ্টির লক্ষ্যে পৌর এলাকায় সৌন্দর্য বৃদ্ধিকরণ প্রকল্প গ্রহণ করার প্রস্তাব রাখা হয়। | পৌর এলাকায় স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পিত বর্জ ব্যবস্থাপনার জন্য বর্জ ডাম্পিং ষ্টেশন নির্মাণের মাধ্যমে আইইউজিআইপি প্রকল্প বাস্তবায়নের জন্য পর্যাপ্ত জায়গা না থাকায় কাজ চলমান বর্তমানে এখন ময়লা থানার পাশে একটি খোলা জায়গায় ফেলা হচ্ছে। | সহকারী প্রকৌশলী পাকুন্দিয়া পৌরসভা কিশোরগঞ্জ |

আলোচ্যসূচী - ৪ ঃ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুমোদন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪.১ | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুমোদন সংক্রান্ত আলোচনা | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব আব্দুল মান্নান খান, সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা ভারপ্রাপ্ত, পাকুন্দিয়া পৌরসভা ২০২২-২০২৮ পঞ্চবার্ষিকী মেয়াদে পাকুন্দিয়া পৌরসভার জন্য প্রনীত খসড়া (PDP) উপস্থাপন করেন। তিনি উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে তথা পাকুন্দিয়া পৌরবাসীর উন্নয়নের মূল ভিত্তিগুলো আলোচনা করেন। আগামী ২০ বছরের মধ্যে অত্র এলাকার জনগন কিরূপে পাকুন্দিয়া পৌর এলাকার উন্নয়ন দেখতে চান সেই বিষয়ে আলোকপাত করেন এবং পাকুন্দিয়া পৌরবাসী আর্থ সামাজিক উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন।<br><br>পাকুন্দিয়া উপজেলায় পৌরসভার অবস্থান, উন্নয়নের ভিত্তি ও কৌশলসমূহ, যোগাযোগ ও ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মূল কৌশলসমূহ আলোচনা করেন।<br><br>পৌরসভা উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের প্রস্তুতি ধাপের কার্যক্রমের আওতায় কোরগ্রুপ গঠন করা হয়।<br><br>পরবর্তী ধাপে বাস্তব অবস্থা নিরূপনের জন্য বেজ লাইন তথ্য সংগ্রহসহ ৯টি ওয়ার্ডে এবং দুটি বিশেষ গ্রুপ (দরিদ্র জনগোষ্ঠি ও নারী জনগোষ্ঠি) এর সাথে ১১টি ফোকাস গ্রুপ আলোচনা হয়। ৩য় ধাপে পৌরসভা উন্নয়নের ধরন প্রনয়নের জন্য ৯টি ওয়ার্ডে ওয়ার্ড ভিশনিং এর মাধ্যমে পৌরসভার উন্নয়ন ধরন প্রনয়ন করা হয়। উন্নয়ন ধরন প্রনয়নের উপর উন্নয়ন কৌশল নির্ধারন ও অগ্রাধিকার নির্ণয় পূর্বক অবকাঠামো এবং আর্থ সামাজিক উন্নয়নের জন্য চিহ্নিত করা হয়। মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও দরিদ্র ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি নিয়মিত সভার মাধ্যমে দরিদ্র হ্রাস করণ কর্ম পরিকল্পনা ও জেন্ডার একশন প্ল্যানের রূপ রেখা প্রনয়ন করা হয়। পরবর্তি ধাপে রাজস্ব আয় ও ব্যয় বিশ্লেষনের মাধ্যমে প্রকল্প সমূহের অর্থনৈতিক বিশ্লেষন করে তার বাস্তবায়নের পর্যায় উল্লেখ পূর্বক বিনিয়োগ পরিকল্পনা করা হয়।<br><br>সহকারী প্রকৌশলী উপরোক্ত বিষয়াদী অন্তর্ভূক্ত করে ২১৬ কোটি ৮৩ লক্ষ ৭০ হাজার টাকার পঞ্চবার্ষিকী খসড়া উন্নয়ন পরিকল্পনার বিস্তারিত পেশ করেন। তন্মধ্যে ৯০.৭৮ কেটি টাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ৯৭.৬৯ কেটি টাকার | প্রণীত ও উপস্থাপিত খসড়া পাকুন্দিয়া পৌরসভার উন্নয়ন পরিকল্পনা চূড়ান্ত করার জন্য পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপনের সুপারিশ সর্বসম্মতক্রমে গৃহিত হয়। | পৌর নিবাহী কর্মকর্তা পাকুন্দিয়া পৌরসভা কিশোরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উন্নয়ন, ৯.২০ কোটি টাকার সড়ক বাতি ব্যবস্থাপনার উন্নয়ন, ১১ কোটি টাকার বিনোদন ব্যবস্থাপনা উন্নয়ন ৩৯.৪২ কোটি টাকার সৌন্দর্য বর্ধনসহ অন্যান্য অবকাঠামো ব্যবস্থাপনা উন্নয়ন, ২.৫০ কোটি টাকার দারিদ্র হ্রাস করণ কর্ম পরিকল্পনা বাস্তবায়ন, ১.৬০ কোটি টাকার জেন্ডার কেশান প্ল্যান বাস্তবায়ন এবং ৯০ লক্ষ টাকার নগর সুপারিচালন ও দক্ষতা বৃদ্ধির জন্য কল কার্যক্রম গ্রহণ অন্তর্ভূর্তি করা হয়েছে।<br>উপরোক্ত বিষয়াদী সম্মিলিত (PDP) আজকের সভায় আলোচনা ও সংশোধনীর মাধ্যমে চূড়ান্ত করতঃ পৌর পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | | |
| ৪.২ | বিভিন্ন ওয়ার্ডের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলো উন্নয়ন সম্পর্কে আলোচনা | পাকুন্দিয়া পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডে রাস্তাঘাট উন্নয়নের জন্য ওয়ার্ড কমিটির সদস্যগণ আলোচনা করেন। দীর্ঘদিনের পুরনো রাস্তাগুলো দ্রুত মেরামত ও সংস্কার এবং নতুন রাস্তা তৈরীর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ১-৯ নং ওয়ার্ডের গুরুত্বপূর্ণ নিম্নোক্ত প্রকল্পসমূহ জরুরী ভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>বিভিন্ন ওয়ার্ডের প্রকল্পসমূহ ঃ<br>১। চরপাকুন্দিয়া হোসেনপুর রাস্তা হইতে জনাব কাদের সরকারের বাড়ী হইয়া জনাব মহিউদ্দিন মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন (চেইঃ ০-১৩০-৫৪০ মিঃ), (ওয়ার্ড-০২), দৈর্ঘ্য-৫৪০মিঃ।<br>২। সৈয়দগাঁও পাকুন্দিয়া-মঠখোলা রাস্তায় খন্দকার বাড়ী হইতে হরিচরনের বাড়ী / কাইয়ুমের বাড়ী হইয়া তালতলা ঘাট পর্যন্ত রাস্তা ( চেইঃ ০-৬২০ মিঃ), (ওয়ার্ড-০৯), দৈর্ঘ্য-৬২০মিঃ।<br>৩। হাপানিয়া পাকুন্দিয়া-মঠখোলা রাস্তায় জনাব আসাদের দোকান হইতে ৫নং ওয়ার্ডের শেষ সীমানায় জনাব উজ্জ্বলের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন (চেইঃ ০-৪০০ মিঃ), (ওয়ার্ড-০৫), দৈর্ঘ্য-৪০০মিঃ।<br>৪। ছেত্রাখালী দামুড় বাড়ী হতে পশ্চিম দিকে ঠাডা কান্দা হয়ে কুড়তলা সামু মেম্বারের বাড়ী হয়ে কুড়তলা সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা উন্নয়ন (চেইঃ০-১৬৫০মিঃ), (ওয়ার্ড-০৮), দৈর্ঘ্য-১৬৫০মিঃ।<br>৫। পাকুন্দিয়া-কিশোরগঞ্জ রাস্তায় ফকিরপাড়া যোগীরপুকুর হইতে জনাব হেলালের বাড়ী হইয়া জনাব বাইজিত মুন্সির শ্রীরামদি রোড পর্যন্ত রাস্তা রাস্তা প্রশস্থকরন সহ বি.সি দ্বারা পুনর্বাসন ( চেইঃ ০-৮৪০ মিঃ) (ওয়ার্ড নং - ০১, ০৩ ওয়ার্ড ), দৈর্ঘ্য-৮৪০মিঃ,। | সহকারী প্রকৌশলী<br>পাকুন্দিয়া পৌরসভা<br>কিশোরগঞ্জ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৬। পাইকলক্ষিয়া পাকুন্দিয়া-মির্জাপুর রাস্তায় জনাব ওজুউদ্দির বাড়ী হইতে জনাব লালু মেম্বারের বাড়ী হইয়া নার্সারী মোড় পর্যন্ত রাস্তা উন্নয়ন (চেইঃ ০-৯০-৪৮০-৯০০ মিঃ), (ওয়ার্ড-০৫), দৈর্ঘ্য-৯০০মিঃ,।<br>৭। কুড়তলা ফালানের বাড়ী হতে পশ্চিম দিকে সিরাজের বাড়ী হয়ে আনু চেয়ারম্যানের বাড়ীর সামনে দিয়ে কাতারের বাজার পর্যন্ত রাস্তা উন্নয়ন (চেইঃ ০-২০০০ মিঃ), (ওয়ার্ড-০৭), দৈর্ঘ্য-২০০০মিঃ।<br>৮। রথখোলা সোহরাব মাষ্টারের বাড়ী হইতে টানলক্ষিয়া ফুরকানিয়া মাদ্রাসা পর্যন্ত রাস্তা উন্নয়ন (চেইঃ০-৭৪০মিঃ), (ওয়ার্ড-০৮), দৈর্ঘ্য-৭৪০মিঃ।<br>৯। পাকুন্দিয়া মৌসুমী সিনেমা হলের উত্তর পার্শ্বের এংরাজ এর বাড়ীর সম্মুখ হতে পূর্ব দিকে হেলাল মেলিটারী বাড়ীর সম্মুখ দিয়ে, মুগদু চেয়ারম্যনের বাড়ী হয়ে পুলেরঘাট রাস্তা পর্যন্ত রাস্তা নির্মান কাজ। (চেইঃ ০-৬৯০ মিঃ), (ওয়ার্ড-০৩), দৈর্ঘ্য-৬৯০মিঃ।<br>১০। নিশ্চিন্তপুর উত্তরপাড়া রাস্তা হইতে পাকুন্দিয়া-মঠখোলা রাস্তায় পাঁচতলা বিল্ডিং এর মোড় রাস্তা পর্যন্ত রাস্তা উন্নয়ন (চেইঃ ০-৫৫০-১১৬০ মিঃ) , (ওয়ার্ড-০৪), দৈর্ঘ্য-১১৬০মিঃ। | |

আলোচ্যসূচী - ৫ ঃ হোল্ডিং ট্যাক্স শতভাগ আদায় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫ | হোল্ডিং ট্যাক্স শতভাগ আদায় সংক্রান্ত আলোচনা | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা, জনাব আব্দুল মান্নান খান হোল্ডিং ট্যাক্স শতভাগ আদায়ের কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। তিনি জানান ২০১৮-২০১৯ অর্থ বছরে কর আদায়ের হার ৪০%, ২০১৯-২০২০ অর্থ বছরে কর আদায়ের হার ৫৫%, ২০২০-২০২১ অর্থ বছরে কর আদায়ের হার ৫৩%, ২০২১-২০২২ অর্থ বছরে কর আদায়ের হার ৪০%, ২০২২-২০২৩ অর্থ বছরে কর আদায়ের হার ৫৩%, ২০২৩-২০২৪ অর্থ বছরে কর আদায়ের হার ৬৮.৬৭%, ২০২৪-২০২৫ অর্থ বছরে কর আদায়ের হার ৭৮% এবং ২০২৫-২০২৬ অর্থ বছরে কর আদায়ের হার ৮০% করার সিদ্ধান্ত হয়। সে অনুসারে হোল্ডিং ট্যাক্স আদায়ের হার শতভাগ অর্জনের জন্য প্রনিত কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে হোল্ডিং ট্যাক্স আদায়ে শতভাগ অর্জনের লক্ষ্যে প্রণিত কর্ম পরিকল্পনা বাস্তবায়নের পূর্বে সকল নাগরিকদেরকে অবহিত করণ পূর্বক বাস্তবায়নের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | পৌর নিবাহী কর্মকর্তা ও প্রকৌশলী শাখা পাকুন্দিয়া পৌরসভা কিশোরগঞ্জ। প্রকৌশলী শাখা। |

আলোচ্যসূচী - ৬ ঃ বিবিধ

CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬.১ | সড়কবাতি বিষয়ে আলোচনা | বিভিন্ন ওয়ার্ড কমিটির সভায় উত্থাপিত ও প্রস্তাবিত রাস্তার পাশে সড়কবাতি স্থাপনের বিষয়ে ও বিকল অবস্থায় পড়ে থাকা বাতিগুলো মেরামতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিকল অবস্থায় পড়ে থাকা সড়ক বাতিগুলো দ্রুত মেরামত করার এবং যে সকল এলাকায় সড়কবাতি নাই সে সকল এলাকায় সড়কবাতি স্থাপনের সুপারিশ সর্বসম্মত গৃহিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও প্রকৌশলী শাখা পাকুন্দিয়া পৌরসভা কিশোরগঞ্জ। প্রকৌশলী শাখা। |
| ৬.২ | পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে আলোচনা | নিয়মিত পৌর এলাকার সকল রাস্তা পরিষ্কার-পরিচ্ছন্ন না হওয়া এবং সকল ড্রেন নিয়মিত পরিষ্কার না হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । | নিয়মিত পৌর এলাকার সকল রাস্তা পরিষ্কার-পরিচ্ছন্ন করা এবং সকল ড্রেন নিয়মিত পরিষ্কার করার বিষয়ে প্রয়োজনীয় লোকবল নিয়োগ ও যন্ত্রপাতি ক্রয়ের বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে পৌর পরিষদের নিকট সুপারিশ করা হয়। | |
| ৬.৩ | অফিস ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা | পাকুন্দিয়া পৌরসভার সকল চিঠি পত্রে ডিজিটাল নম্বর এবং ই-নথি কার্যক্রম চালু করার বিষয়ে আলোচনা করা হয়। সকল কর্মকর্তা কর্মচারী যথাসময়ে অফিসের কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। দৈনন্দিন কার্যক্রম এবং নাগরিক সেবা সঠিক সময়ে সুচারু রূপে প্রদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পাকুন্দিয়া পৌরসভার সকল চিঠি পত্রে ডিজিটাল নম্বর এবং ই-নথি কার্যক্রম চালু করা, সকল কর্মকর্তা কর্মচারী যথাসময়ে অফিসের কার্যক্রম পরিচালনা করা, দৈনন্দিন কার্যক্রম এবং নাগরিক সেবা সঠিক সময়ে সুচারু রূপে প্রদান করার সুপারিশ সর্বসম্মত গৃহিত হয়। | |
| ৬.৪ | সি সি ক্যামেরা স্থাপন বিষয়ে আলোচনা | পাকুন্দিয়া পৌরসভার শহরের দৈনন্দিন কার্যক্রম পরিচলন ও বিভিন্ন প্রকার সমস্যা সৃষ্টির সমাধান পর্যালোচনা করার জন্য সি সি ক্যামেরা স্থাপন বিষয়ে আলোচনা করা হয়। | পাকুন্দিয়া পৌরসভার শহরের দৈনন্দিন কার্যক্রম পরিচলন ও বিভিন্ন প্রকার সমস্যা সৃষ্টির সমাধান পর্যালোচনা করার জন্য সি সি ক্যামেরা স্থাপন বিষয়ে গৃহীত হয়। | |
| ৬.৫ | পৌরসভা শহরে | পাকুন্দিয়া পৌরসভার শহরের রাস্তাঘাট ও যান চলাচলের মাধ্যম যাতে স্বাভাবিক | পাকুন্দিয়া পৌরসভার শহরের রাস্তাঘাট ও যান চলাচলের মাধ্যম যাতে | |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ট্রাফিক পুলিশ সম্পর্কে আলোচনা | থাকে সে জন্য ট্রাফিক পুলিশ স্থাপন সম্পর্কে আলোচনা করা হয়। | স্বাভাবিক থাকে সে জন্য ট্রাফিক পুলিশ স্থাপন সম্পর্কে প্রস্তাব গৃহীত হয়। | |
| ৬.৬ | প্রয়েজন অনুযায়ী ঝাড়ুদাররে বিষয়ে আলেচনা | পাকুন্দিয়া পৌরসভার নিয়মিত পৌর এলাকার সকল রাস্তা পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য প্রয়োজন অনুযায়ী ঝাড়ুদাররে বিষয়ে আলেচনা করা হয়। | পাকুন্দিয়া পৌরসভার নিয়মিত পৌর এলাকার সকল রাস্তা পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য প্রয়োজন অনুযায়ী ঝাড়ুদাররে ব্যবস্থার প্রস্তাব গৃহীত হয়। | |

স্বা:
(রিফাত জাহান)
সভাপতি, TLCC কমিটি
ও
প্রসাশক
পাকুন্দিয়া পৌরসভা, কিশোরগঞ্জ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

১। প্রকল্প পরিচালক আইইউজিআইপি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঢাকা-১২০৭ বিভাগ স্থানীয় সরকার ও পল্লী উন্নায়ন সমবায় মন্ত্রালয়, ঢাকা।
২। উপ-পরিচালক, টগঋট ময়মনসিংহ অঞ্চল, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
৩। টিম লিডার IUGIP প্রকল্প (GICD) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঢাকা-১২০৭।

২৯/০৯/২৫
(রিফাত জাহান)
সভাপতি, TLCC কমিটি
ও
প্রশাসক
পাকুন্দিয়া পৌরসভা, কিশোরগঞ্জ

CamScanner

অদ্যকার সভার চেয়ারপার্সন জনাব রিফাত জাহান, প্রশাসক, পাকুন্দিয়া পৌরসভা এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হইলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী ঃ (১) গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা ঃ ১নং আলোচ্য বিষয়ের উপর আলোচনান্তে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে পাঠ করেন। পাঠান্তে উপস্থিত সদস্যদের কারো কোন আপত্তি না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনমোদিত হয় ।

আলোচ্যসূচী ঃ (২) ও (৩) পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP) আলোচনা ও পৌরসভার ভিশন সংক্রান্ত আলোচনা।

আলোচনা ঃ ২ ও ৩নং আলোচ্য বিষয়ের উপর আলোচনান্তে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সহকারী প্রকৌশলী সভাপতিকে জনান যে, উন্নয়ন পরিকল্পনা ও পৌর ভিশন সম্পর্কে তথ্য পাকুন্দিয়া পৌরবাসীর উন্নয়নের মূল ভিত্তিগুলি আলোচনা করেন। আগামী ২০ বছরের মধ্যে অত্র এলাকার জনগন কিরূপে পাকুন্দিয়া পৌরসভার উন্নয়ন দেখতে চান সে বিষয়ে আলোচনকপাত করেন এবং পাকুন্দিয়া পৌরসবাসীর আর্থ-সামাজিক উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। অত্র অঞ্চলে পৌরসভার অবস্থান উন্নয়নের ভিত্তি ও কৌশলসূমহ, যোগাযোগ ব্যবস্থা উন্নত করার জন্য যেন বিভিন্ন এলাকার জনগন সহজে চলমানপাতা ৯ এখানে আসতে পারেন এবং অত্র এলাকার ভৌত অবকাঠামো উন্নয়নসহ আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন হয়। এছাড়াও তিনি পাকুন্দিয়া পৌরসভার উন্নয়নকল্পে প্রস্তাবিত একাধিক বিষয় ও প্রস্তাবনা উপস্থাপন করেন যার মধ্যে পৌর পার্ক, যানবাহন পার্কিং, বাস টার্মিনাল প্রভৃতি উল্লেখযোগ্য।

- প্রাইমারী রাস্তা, সেকেন্ডারী রাস্তা ও প্রয়োজনীয় সংখ্যক সংযোগ রাস্তাহ একটি সমন্বিত পরিবহন ব্যবস্থার পাকা করনের প্রস্তাববনাকরা হয়েছে।
- শহরের অভ্যন্তরীন জলাবদ্ধতা নিরসন ও সুষ্ঠুভাবে পানি নিষ্কাশনের জন্য প্রাইমারী, সেকেন্ডারী ও টারশিয়ারী ড্রেনসহ একটি সমন্বিত ড্রেনেজ ব্যবস্থাপনা ওয়ার্ড ভিত্তিক নেটওয়ার্কের প্রস্তাবনা দেওয়া হয়েছে।
- পাকুন্দিয়া পৌরসভার জনগনের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কৃষি ভিত্তিক শিল্প এলাকার জন্য কাঁচা বাজার প্রস্তাব রাখা হয়েছে।
- শহরের বিভিন্ন এলাকায় জনগনের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির কেনা-কাটার জন্য নেইবারহুড মার্কেট (কাঁচা বাজার) ও গেষ্ট হাউস রাখা হয়েছে।
- স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পিক বর্জ্য ফেলার স্থান এবং বর্জ্য ডাম্পিং ষ্টেশন স্থাপনের পরিকল্পনা রয়েছে।
- সামাজিক আচার- অনুষ্ঠান সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষ্যে কমিউনিটি সেন্টারের উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে।
- পৌরবাসীর কেনা-কাটার জন্য এবং বাণিজ্যিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সুপার মার্কেট এর প্রকল্প গ্রহণ করা হয়েছে।
- পাকুন্দিয়া পৌরসভার অভ্যন্তরীন যান-চলাচল এবং পরিবহন ব্যবস্থাকে সুবিধাজনক করার লক্ষ্যে বিভিন্ন ড্রেনের উপর ফুটফাত নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- পাকুন্দিয়া পৌরসভার চিত্ত-বিনোদনের জন্য উন্মুক্ত জায়গা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন মহল্লায় পৌর পার্ক (উন্মুক্ত উদ্যান) প্রকল্প গ্রহণ করা হয়েছে।
- পৌরসভার পরিকল্পনা বাস্তবায়ন প্রক্রিয়ায় ক্ষতিগ্রস্থ পরিবারের পূনর্বাসনের জন্য নিম্নবিত্তের আবাসন এলাকার কলোনীর প্রকল্প গ্রহণ করা।

CamScanner

## ১-৯ ওয়ার্ডের কিছু কাজের বর্ননা দিতে হবে।

TLCC মিটিং এ উপস্থিত সদস্য ০৫ নং ওয়ার্ডের রাস্তা ও ড্রেনের অবস্থা ভাল নয় একটু বৃষ্টি হলেই পানি জমে এমতা অবস্থায় দ্রুত সিদ্ধান্ত নেওয়ার কথা বলেন । বড় বাড়ি হতে হোটেল অ্যাপ্যায়ন পর্যন্ত রাস্তা সমষ্যা ০৩ নং ওয়ার্ডের বিডিয়ার মাহফুজুর রহমান সাহেব একি প্রস্তাব উপস্থাপন করেন । ০৪ নং ওয়ার্ডের আলামিন সদস্য মঙ্গলবাড়িয়া মাদ্রাসার রাস্তা সমষ্যা নিয়ে কথা বলেন। তাছাড়া ১,২,৩ নং ওয়ার্ডবাসীর পক্ষ থেকে TLCC সদস্য নাগরিক সমাজের প্রতিনিধি হিসেবে আলামিন এরকম ভোগান্তীর সমষ্যা সমাধানের জন্য সহকারী প্রকৌশলীকে তা দ্রুত সিদ্ধান্ত নিতে বলেছেন এবং ০৮ নং ওয়ার্ডের TLCC দরিদ্র প্রতিনিধির সদস্য বেগম শাহানাজ পারভীন ছেত্রাখালী ফজলু মাষ্টার এর বাড়ি থেকে কাজল এর বাড়ি পর্যন্ত রাস্তা সমষ্যার কথা বলেন।

সভার শেষ পর্যায়ে জনাব রিফাত জাহান, প্রশাসক, পাকুন্দিয়া পৌরসভা, তার সংক্ষিপ্ত বক্তব্যে পৌরসভা উন্নয়ন পরিকল্পনা PDP ও পৌরসভা ভিশন প্রস্তুত করণ এবং বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব তুলে ধরেন। বিশ্বের ১০টি পরিকল্পিত শহরের মধ্যে মেলবোর্ন শহরটি সঠিক পরিকল্পনার কারণে এটি বর্তমানে একটিচিত্র কর্মের সাথে তুলনা করা যেতে পারে বলে উল্লেখ করেন। বর্তমান বাংলাদেশ সরকার শহরের পাশাপাশি গ্রামীণ এলাকাকেও পরিকল্পনার আওতায় আনার চিন্তা করেছে। বর্তমানে যে হারে কৃষি জমি হ্রাস পাচ্ছে তা সংরক্ষন করতে হলে আমাদেরকে পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলো যাচাই বাছাই করে অনুমোদিত পৌরসভা উন্নয়ন পরিকল্পনা PDP কার্যকর করতে হবে। এ প্রসংগে পৌরবাসীকে এবং পৌর কর্তৃপক্ষকে তিনি সচেতন হওয়ার জন্য বলেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৩/২৫

(রিফাত জাহান)
সভাপতি, TLCC কমিটি
ও
প্রশাসক
পাকুন্দিয়া পৌরসভা, কিশোরগঞ্জ

CamScanner